



**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT - SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**29 JUNE 2024**

**7:35—7:40 AM IST**

=====

রাজ্যের পরিবহন মন্ত্রী কেশব মহন্ত আসাম থেকে আন্তর্জাতিক বিমান পরিষেবা সম্প্রসারণের বিষয়ে আলোচনা করতে গতকাল এয়ার ইন্ডিয়া এক্সপ্রেসের সংগে এক বৈঠকে মিলিত হয়েছেন । বৈঠকে এয়ার ইন্ডিয়া এক্সপ্রেস গৌহাটী থেকে খুব শীঘ্রই ঢাকা ও কাঠমুন্ডু সংযোগী নতুন বিমান পরিষেবা আরম্ভ করতে আগ্রহ প্রকাশ করেছে । এছাড়াও গৌহাটী -সিংগাপুর ও গৌহাটী -ব্যাংকক সংযোগী বিমান পরিষেবা শুরু করা নিয়ে আলোচনা হয়েছে বলে পরিবহন মন্ত্রী শ্রী মহন্ত জানান ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকে জেলায় বিভিন্ন সরকারী পরিষেবা সহজে প্রদান করতে ইজি অফ ডুয়িং বিজনেস পোর্টাল চালু করা হয়েছে । এ উপলক্ষ্যে জেলা উন্নয়ন আয়ুক্ত এলডার্ড ফারহিনের পৌরহিত্যে গতকাল আয়োজিত এক সভায় জানানো হয় যে জেলায় এখনো পর্যন্ত ৮টি বিভাগে ইজি অফ ডুইং পোর্টালের পরিষেবা চালু হয়েছে এবং অন্যান্য বিভাগগুলিকেও এই পোর্টালের পরিষেবা শুরু করার সিদ্ধান্ত হয়েছে । উল্লেখ্য সমগ্র রাজ্যে ২৪২টি পরিষেবা ১৭টি বিভাগে এই পোর্টালের মাধ্যমে উপলব্ধ রয়েছে ।

---

করিমগঞ্জের জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জেলার ত্রাণ শিবির থাকা ও বন্যায় প্লাবিত শিক্ষা প্রতিষ্ঠান আজ পর্যন্ত বন্ধ থাকবে বলে জানিয়েছেন । বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে

জেলার ৯৩টি বিদ্যালয়ে ত্রান শিবির সচল রয়েছে এবং ২৭০টি বিদ্যালয় বন্যার জলে প্লাবিত রয়েছে। জেলার বাকী সরকারী ও বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে যথারীতি পাঠদান চলবে বলে জানানো হয়েছে। পুনরাদেশ না দেওয়া পর্যন্ত এই নির্দেশ বহাল থাকবে বলে জানানো হয়েছে।

---

---

শিলচর রাধামাধব কলেজের লাইব্রেরী বিভাগের উদ্যোগে আজ শিলচর মেহেরপুরের ২৫২ নম্বর অম্বিকাপুর প্রাথমিক বিদ্যালয়ে লাইব্রেরী লিটারেসি কার্যসূচী অনুষ্ঠিত হয়েছে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক স্বপন দাসের পৌরহিত্যে আয়োজিত সভায় রাধামাধব কলেজের লাইব্রেরী বিভাগের পক্ষ থেকে ছাত্র-ছাত্রীদের হাতে বইখাতা, কলম, পেন্সিল তুলে দেওয়া হয়েছে। আজকের এই কার্যসূচীতে ডক্টর সোনালী চৌধুরী, কমলেশ দাস, উজ্বল কর্মকার প্রমুখ উপস্থিত ছিলেন।

---

---

কাছাড়ের জেলা আয়ুক্ত রোহন কুমার বা এক বিজ্ঞপ্তিতে লোকসভা নির্বাচনের পূর্বে আদর্শ আচরন বিধি অনুসরন করতে যারা নিজ নিজ থানায় বন্দুক জমা রেখে ছিলেন। তাদেরকে সংশ্লিষ্ট থানা থেকে অস্ত্রগুলি সংগ্রহ করতে অনুরোধ করা হয়েছে।

---

---

করিমগঞ্জের অতিরিক্ত জেলা আয়ুক্ত ও লোকসভা নির্বাচনের ব্যয় ও পর্যবেক্ষন সেলের দায়িত্বপ্রাপ্ত আধিকারীক নির্বাচনে প্রতিদ্বন্দী প্রার্থীদের ব্যয় সংক্রান্ত যাবতীয় হিসেব পত্র আগামীকালের মধ্যে জমা করতে অনুরোধ করেছেন। এছাড়া নির্বাচন কমিশনের নির্দেশনা অনুযায়ী আগামী ৩০শে জুন বেলা ১২টায় নির্বাচনী ব্যয় পর্যবেক্ষকের সাথে নির্বাচনে অবতীন প্রার্থীদের এক সভাও অনুষ্ঠিত হবে।

---

---

কাছাড়ের অতিরিক্ত জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে আগামী ১৯শে জুলাই ৩৪৭টি গ্যাস স্টেভ এবং রেগুলেটর, বার্নার সরবরাহ করতে ইচ্ছুক পঞ্জীকৃত সংস্থা থেকে দরপত্র আহ্বান করেছেন। বিশদ বিবরন শিলচরে জেলা আয়ুক্তের কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাচ্ছে।

---

---

শিলচর সিভিল হাসপাতাল আধুনিকীকরণ দাবী কমিটির এক প্রতিনিধি দল গতকাল জেলা যুগ্ম-স্বাস্থ্য সঞ্চালকের সঙ্গে সাক্ষাৎ করে অবিলম্বে শিলচর সিভিল হাসপাতালে একজন রেডিওলজিস্ট নিয়োগের দাবী জানিয়েছে । স্মারক পত্রের প্রতিলিপি রাজ্যের মুখ্যমন্ত্রীর কাছেও পাঠানো হয়েছে ।

---

---

কাছাড় জেলা স্বাস্থ্য বিভাগ ও ব্রেকথু সায়েন্স সোসাইটির শিলচর চ্যাপটারের যৌথ উদ্যোগে গতকাল মাছিমপুর কুমারপাড়ায় বন্যাপীড়িতদের মধ্যে স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয় । সোসাইটির পক্ষে সাক্বির আহমেদ বড়ভুইয়া জানান যে বন্যাক্রান্ত দের মধ্যে ইতিমধ্যে শিলচর বিশফুটি ও বেতুকান্দিতে স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়েছে ।

---

---

শিলচরের চৌধুরী আই হাসপিটালের উদ্যোগে আগামীকাল লক্ষীপুর বিধানসভা কেন্দ্রের পয়লাপুল কণ্ঠগ্রামে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

---

---